দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 FEB 2014
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

২০১৫ সালে পাঠ্যপুস্তকে নারী প্রগতি সংঘের সুপারিশের প্রতিফলন ঘটবে

-শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, ২০১৫ সালের পাঠ্যপুস্তকে নারী প্রগতি সংঘের সুপারিশের প্রতিফলন পর্যায় ক্রমে ঘটবে। মঙ্গলবার সিরডাপ মিলনায়তনের 'জেন্ডার সংবেদনশীলতা ও প্রজনন স্বাস্থ্য : ২০১৩ সালে মাধ্যমিক শ্রেণিতে পাঠ্য বইয়ের বিষয় বিশ্লেষণ' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী একথা বলেন।

বাংলাদেশ নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবীরের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন- জাতীয় শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়ন কমিটির সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এবং অধ্যাপক সিদ্দিকুর রহমান, এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক মো. শফিকুর রহমান, ব্র্যাক-এর জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি অ্যান্ড দা মাইগ্রেশন প্রোগ্রাম-এর পরিচালক শিপা হাফিজ। সংশ্লিষ্ট বিষয়ের উপর গবেষণালব্ধ তথ্য তুলে ধরেন গবেষক দলের প্রধান ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক রোবায়েত ফেরদৌস।